মুজিবনগর ও দর্শনা সীমান্তে ৩৮৬ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার

চুয়াডাঙ্গা ৬ বিজিবি মাদক বিরোধী অভিযান চালিয়ে মুজিবনগর ও দর্শনা সীমান্ত থেকে ৩৮৬ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে। এ ফেনসিডিলের উদ্ধারের ঘটনায় কোন চোরাচালানীকে আটক করতে পারেনী।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক পিএসসি সাঈদ মোহাম্মদ জাহদিুর রহমান, সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে গণমাধ্যম কর্মীদের জানায়, আজ মঙ্গলবার (১০ সেপ্টেম্বর) বিকাল সাড়ে ৩ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালয়িন ৬ বিজিবির অধীনস্থ মুজবিনগর বিওপি টহল কমান্ডার হাবলিদার রফিকুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মুজবিনগর সীমান্ত এলাকার মেইন পিলারের ১০৭ হতে ৫০ গজ বাংলাদশেরে অভ্যন্তর সোনাপুর মাঠে অভিযান চালায়, এ সময় বিজিবির উপস্থিত টের পেয়ে চোরাচালানীরা ২৮৬ বোতল ভারতীয় ফেনসিডিল ফেলে পালিয়ে যায়। তবে এ ঘটনায় কোন চোরাচালানীকে আটক করতে পারেনী।

অপরদিকে আজ মঙ্গলবার বেলা ১২ টার দিকে দর্শনা সীমান্তের মেইন পিলারের ৭৭/২-এস হতে ২৫০ গজ বাংলাদশেরে অভ্যন্তরে জয়নগর গ্রামের আমবাগানে মধ্যে মাদক বিরোধী বিশেষ অভযিান পরিছালনা করে। এ সময় দর্শনা বিওপি টহল কমান্ডার নায়েক জিয়াউর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে প্লষ্টিকের বস্তায় মোড়ানো ১শ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে। এ ঘটনায় কাউকে আটক করেতে পারেনী।

দর্শনা রামাযুস ক্লাবের কমিটি গঠন ছাত্তার সভাপতি মুক্ত

সম্পাদক

দর্শনা রামনগর মাথাভাঙ্গা যুব সংঘের দ্বি-বার্ষিক কমিটি গঠন করা হয়েছে। আজ শুক্রবার বিকালে দর্শনা মেমনগর মাঠে অনুষ্ঠিত কমিটি গঠন সভার সভাপতিত্ব করেন রামাযুসের আহ্বায়ক আব্দুল্লাহ।

আলোচনা করেন, জহির রায়হান, ফারুক আহমেদ, হানিফ মন্ডল, আশরাফুল আলম আসান, মনিরুজ্জামান রুনু, জাহান আলী, হাসান মাস্টার, আনোয়ার হোসেন প্রমুখ।

পরে সর্বসম্মতিক্রমে আব্দুছ ছাত্তার সভাপতি ও মোস্তাফিজুর রহমান মুক্তকে সাধারণ সম্পাদক করে ১৫০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির সহ-সভাপতি সুজন আহমেদ, সনজারুল, সহসম্পাদক জুয়েল রানা ও জাকির হোসেন। সার্বিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাংগঠনিক সম্পাদক সবুজ হোসেন।

দর্শনায় কৃষকের আড়াই বিঘা জমির ৯শ ফলন্ত পেপেগাছ কেটে তছরুপ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার পার কৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের মাঠে এক কৃষকের ৯শ ফলন্ত আড়াই বিঘা জমির একটি পেপেক্ষেত ধারালো অস্ত্র দিয়ে কেটে তছরুপাত করেছে প্রতিপক্ষরা।

এ ঘটনা নিয়ে দর্শনা থানায় দুপক্ষেই পৃথক দুটি অভিযোগ দায়ের করেছে। পেঁপে ক্ষেতের গাছ কাটার ঘটনা নিয়ে গ্রামে পক্ষদ্বয়ের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। যে কোন সময় দুপক্ষের মধ্যে ঘটতে পারে খুনের মত ঘটনা।এ বিষয়ে

পেঁপে চাষি ছয়ঘরিয়া গ্রামের মোলাম মন্ডলের ছেলে দাউদ বলেন আজ শুক্রবার সকাল সাড়ে ৬ টার দিকে জোর পৃর্বক আমার লীজ নেওয়া জমিতে এসে ফলন্ত পেঁপে গাছ ধারালো হাসুয়া দিয়ে মুহূর্তের মধ্যে কেটে দেয় একই গ্রামের আব্দুল কাদের ইসমাইল,দলুসহ ৫/৬ জন । আমরা বাধা

দিতে গেলে ধারলো হাসুয়া দিয়ে জবাই করবে বলে হুমকি দিয়ে আড়াই বিঘা জমির পেঁপে বাগান কেটে সাবাড় করে নির্বিঘ্নে চলে যায়।পরে কোন উপায়ান্তর না পেয়ে আপনাদের গণমাধ্যম কর্মীদের কাছে জোর দাবি করে বলেন তদন্ত করে দোষিদের আইনের আওতায় নিয়ে আসতে পারি আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।আমার শেষ সম্বল এই বাগান টুকু ছিলো।আমার প্রতি মাসে ১ লক্ষ টাকা করে এই বাগান থেকে আসতো। তাই আমার পরিবার নিয়ে সংসার চলতো।আমি পরিবার নিয়ে বড় সংকটের ভিতরে আছি।আপনারা এর ন্যায় বিচার করে দেবেন বলে কান্নায় ভেঙ্গে পড়েন গণমাধ্যম কর্মীদের কাছে।

গ্রামবাসি জানায়, ছয়ঘরিয়া গ্রামের মাঠের আড়াই বিঘা জমি নিয়ে গ্রামের রাজু আহমদ ও আব্দুল কাদেরের মধ্যে জমিজমা নিয়ে বিরোধ দীর্ঘদিনের। আজ শুক্রবার (৬ সেপ্টেম্বর) সকালে রাজু আহমদ থানায় লিখিত অভিযোগ করেন, প্রতিপক্ষ আব্দুল কাদের ও তার লোকজন মাঠের আড়াই বিঘা জমির পেপেক্ষেত প্রকাশ্য দিবালোকে কেটে তছরুপাত করেছে। এ ঘটনায় রাজু আহম্মেদের অার্থিক ৫০ লাখ টাকা ক্ষতি হয়েছে।

এদিকে, আজ শুক্রবার সকালে প্রতিপক্ষ আব্দুল কাদেরও দর্শনা থানায় এসে লিখিত অভিযোগ করে বলেছেন, তার জমিতে থাকা পেপে গাছ ও লিপিয়ার ঘাস কেটে ক্ষতি করেছে প্রতিপক্ষরা। তারা আব্দুল কাদেরের বাড়িতেও হামলা করে সাংসারিক জিনিসপত্র ক্ষতি করেছে বলে অভিযাগ করা হয়েছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা বলেন, দুপক্ষের দুটি অভিযোগ পেয়েছি। তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনায় শহীদি মার্চের আলোচনা সভা ও দোয়া মাহফিল

দর্শনায় বৈষম্য বিরোধী ছাত্র -ছাত্রীদের নিহতদের স্বরনে শহীদি মার্চের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৫ সেপ্টেম্বর) বিকাল ৪টায় ছাত্র-জনতার বিজয়ের এক মাস পূর্তি উপলক্ষে দর্শনার বৈষম্য বিরোধী আন্দোলনের ছাত্র/ছাত্রী ও দর্শনাবাসীর উদ্যোগে দর্শনা রেলবাজার সংলগ্ন শহীদ শাহারিয়ার শুভ মঞ্চে নিহতদের স্বরনে শহীদি মার্চের আলোচনা সভা ও দোয়া মাহফিল করা হয়।

আলোচনার শুরুতেই কোরআন থেকে তেলোয়াত করেন বাইজিদ বোস্তামি। এ স্বরন সভায় দোয়ার অনুষ্ঠানে সোহান ইসলাম এর সভাপতিত্বে দিক নির্দেশনা মুলোক বক্তব্য রাখেন তন্ময় তৌহিদ।

এ অনুষ্ঠানে দোয়া মাহফিল পরিচালনা করেন, দর্শনা পৌরসভার ঈমাম সমিতির সভাপতি ও কেরু হাই স্কুলের সাবেক শিক্ষক হাজী মাওঃ নুরুল ইাসলাম। অনুষ্ঠান পরিচালনা করেন, বৈষম্য বিরোধী ছাত্র-ছাত্রী- জনতার আন্দোলনের বিপ্লবী নাঈম সৌরভ। এ অনুষ্ঠানে বিনা খরচে বক্স ও সাউন্ড সিসটেম দিয়ে সিগনেচার ও সুর সাথী সহযোগিতা করেন।

দর্শনায় যৌথ বাহীনির অভিযানে ৬ যুবক আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় যৌথ বাহীনি সন্ত্রাসী ও মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা পুরাতন বাজারে। এ অভিযানে গাঁজা সেবনের সরঞ্জাম ও খাওয়ার অপরাধে ৬ যুবককে আটক করে।

আজ বৃহস্পতিবার (৫ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১২ টার দিকে দর্শনা রেল ইয়ার্ডে যৌথ বাহীনি গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায়। এ সময় যৌথ বাহীনি দেখে ৮/১০ জনের একদল যুবক পালিয়ে পুরাতন বাজার বিএনপি নেতা মোখলেছুর রহমান টিপু তরফদারের বাড়ি প্রাচীর টপকে বাড়ির ভিতর প্রবেশ করে।

এসময় যৌথবাহিনী তাদের পিছু নিয়ে গেটের তালা ভেঙ্গে বাড়ির ভিতরে প্রবেশ করে মাদক সেবনের সরঞ্জামসহ তাদেরকে আটক করে।

আটককৃত হলো চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার কাশিপুর গ্রামের

বাহার আলীর ছেলে মোমিন (২৪) দর্শনা পৌরসভার ইসলাম বাজারের চঞ্চলের ছেলে ফয়সাল আহম্মেদ (২২) একই পাড়ার আলীর ছেলে সাকিব হাসান (২০) দর্শনা কেরু হাসপাতালা পাড়ার আনোয়ার হোসেন ছেলে আসিফ (২১)দর্শনা কেরু পাড়ার তছলিমের ছেলে সাব্বির (১৭)ও ইসলাম বাজার পাড়ার ইসমাইল হোসেন তাজের ছেলে তাজকে (২৩)আটক করে।এ অভিযানে নেতৃত্ব দেয় চুয়াডাঙ্গা সেনাবাহিনী চুয়াডাঙ্গা সদর থানা ও দর্শনা থানা পুলিশ।

পরে আটককৃতদের উত্তম মাধ্যম দিয়ে দর্শনা থানা পুলিশ সোপর্দ করে।

দর্শনায় তারেক রহমানের ১৭ তম কারামুক্ত দিবসের আলোচনা সভা

দর্শনায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ১৭ তম কারামুক্ত দিবসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার ৩ সেপ্টেম্বর সন্ধায় দর্শনা পুরাতন বাজার বিএনপির কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য মালেক মন্ডলের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের ছাত্র সংসদের সাবেক জিএস দর্শনা পৌর বিএনপি সমন্বয় কমিটির অন্যতম সদস্য এনামুল হক শাহ মুকুল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক সেলিম মেহফুজ মিল্টন, দর্শনা পৌর যুবদলের যুগ্ন আহবায়ক অপু সুলতান, দর্শনা থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ন আহবায়ক ইসলাম লিওন, পৌর ছাত্রদলের সদস্য সচিব আল মামুন, জেলা যুবদলের সদস্য রুহিম, ওয়ার্ড কাউন্সিলর সাইফুল ইসলাম মুকুল, ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম রবি।

এ সময় আরও উপস্থিত ছিলেন তুফন,রাজ্জাক, মুজিবর,খাইরুল, রবিল,আজাদ,আলমগীর, সোনা,যুবদলের নেতা,আরিফ,সোহেল, আরিফ, কুটি,রুবেল, রানা,খলিল,চঞ্চল, বিল্লাল, ছাত্রদল নেতা ইকবাল,

নাফিজ, সালাউদ্দিন, সবুজ,সজিদ,নাঈম ও সুমন প্রমুখ।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পৌর বিএনপি সমন্বয় কমিটির সদস্য ইকবাল হোসেন।

বিএনপির ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দর্শনায় মোটর-সাইকেল র্যালী

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির আজ রবিবার ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মোটরসাইকেল র্যালি অনুষ্টিত হয়েছে। গতকাল শনিবার ৩১ আগষ্ট বিকাল ৪ টায় দর্শনা পৌর ছাত্রদলের উদ্যোগে দর্শনায় মোটর-সাইকেল র্যালী অনুষ্ঠিত হয়।

মোটরসাইকেল র্যালিটি দর্শনা পুরাতন বাজার থেকে দর্শনা থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক রিয়েল ইসলাম লিয়ন ও দর্শনা পৌর ছাত্রদলের সদস্য সচিব আব্দুল্লা আল মামুন এর নেত্রীত্বে মোটর সাইকেল র্যালীটি বের হয়ে দর্শনা পৌর সভার ৯টি ওয়ার্ড প্রদক্ষিন করে দর্শনা রেল বাজার বটতলায় এসে শেষ হয়। এরপর একটি পথসভা অনুষ্ঠিত হয়। পথ সভায় সভাপতিত্ব করেন দর্শনা পৌর সদস্য সচিব আব্দুল্লা আল মামুন।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাবেক সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক প্রধান বক্তা এনামুল হক শাহ মুকুল, পৌর বিএনপির সাবেক যগ্ম সাধারণ ও সমন্বয়ক ইবকাল হোসেন, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মালেক মন্ডল, দর্শনা পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলম রবি, পৌর বিএনপির সাবেক সহ-সাংগঠিক সম্পাদক সাইফুল ইসলাম মুকুল। অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক রিয়েল ইসলাম লিয়ন ।

নতুন নাটক বিনির্মাণে কাজ করতে সিদ্ধান্ত নিয়েছে দর্শনার অনিবার্ণ

দর্শনা অনিবার্ণ থিয়েটার দীর্ঘদিন পর নতুন নাটক বিনির্মাণে কাজ করতে সিদ্ধান্ত নিয়েছে দর্শনা অনির্বাণ থিয়েটার।

গতকাল শুক্রবার সন্ধায় অনিবার্ণ থিয়েটারের নিবার্হী সদস্য আওয়াল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নাটকের কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া চলতি মাসে পযার্য়ক্রমে সংগঠন ওয়ার্শপ, নাটকের মহড়া ও নাট্য কর্মশালাসহ নানা কর্মসূচি হাতে নিতে যাচ্ছে। এছাড়া দর্শনার বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে অংশ গ্রহনকারীদের সাথে মতবিনিম সভা করার সিদ্ধান্ত নেয় হয়েছে। দেশে করোনাসহ নানা কারণে দীর্ঘদিন বড় ধরণের অনুষ্ঠান পরিবেশনের প্রত্যয় নিয়েছে।

সভায় উপস্থিত ছিলেন, অর্থ সম্পাদক কবিরুল ইসলাম লিপু,সহ-সাধারণ সম্পাদক মাহাবুবুর রহমান মুকুল, সহ-সম্পাদক অনুষ্ঠান, সম্পাদক প্রকাশনা প্রচার সাজ্জাদ হোসেন, সাবির হোসেন (মিকা), আবুল হোসেন, মোস্তাফিজুর রহমান (মনা),নিবার্হী মিলন, সদস পপি, পল্লী, পূবার্, পূজা, বর্ষন, ববি, ফাইম, রাজা, রিফাত, রিদয় প্রমুখ।

দর্শনায় দুর্গাপ্রতিমা তৈরিতে ব্যস্ত কারিগররা

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা ঘিরে প্রতিমা তৈরিরে ব্যস্ত সময় পার করতে দেখা গেছে দর্শনা রামনগর কালিদাশপুর গ্রামের আদর্শ দাস পাড়া মন্দিরে। মন্দিরের

সভাপতি সঞ্জয় বলেন আসছে আগামী ৯ অক্টোবর ২০২৪ রোজ বুধবার পালিত হবে মহাষষ্ঠী । মহাসপ্তমী পালিত হবে ১০ অক্টোবর বৃহস্পতিবার। মহাষ্টমী পালিত হবে ১১ অক্টোবর শুক্রবার। মহানবমী পালিত হবে ১২ অক্টোবর শনিবার। বিজয়া দশমী পালিত হবে আগামী ১৩ অক্টোবর রবিবার। আমাদের এই অনুষ্ঠানে ৪ থেকে ৫ হাজার ভক্ত অংশগ্রহন করে থাকে।

প্রতিমা তৈরির প্রধান কারিগর বিকাশ রায় জানায় আমরা এখন ব্যস্ত সময় পার করছি। কারণ সঠিক সময়ে আমার কাজ শেষ করতে হবে। প্রতিমা তৈরিতে ১০ দিন মতো সময় লাগে। আমি ৩২ বছর ধরে এই কাজ যত্ন সহকারে করে আসছি। আমার সাথে আরও ৩ জন কাজ করছে যার কারণে আমাদের কোন অসুবিধা হচ্ছে না। মন্দিরের সেক্রেটারি আশিক কুমার দাস বলেন আমাদের মন্দিরের নাম শ্রী শ্রী রাধামাধব সার্বজনীন পূজা মন্দির এটা ১৯৯০ সালে স্থাপন করা হয়। প্রতি বছরের মতো এবারও জাঁকজমক ভাবে শারদীয় দুর্গাপূজা পালন করবো আমরা । আমাদের দর্শনা পৌরসভায় ৫ টি মন্দির রয়েছে, দর্শনা পুরাতন বাজার, দর্শনা আমতলা পূজামণ্ডপ, দর্শনা কেরুজ পূজা মণ্ডপ, কালিদাসপুর দাস পাড়া, কালিদাপুর বাগদীপাড়া।

মন্দিরের ক্যাশিয়ার শ্রী অপু দাস বলেন এই বছর মহাসপ্তমী বৃহস্পতিবার পড়ায় দেবীর আগমন হবে দোলা বা পালকিতে। শাস্ত্র অনুসারে দোলা বা পালকিতে দেবীর আগমন হলে সূচিত হয় ভয়ঙ্কর মহামারী যাতে বিপুল প্রাণ হানির আশঙ্কা থাকে। আবার ২০২৪ – এ বিজয়া দশমী রবিবার পড়ায় এই বছর দেবী ফিরে যাবেন গজ বা হাতিতে। গজ হল দেবীর উৎকৃষ্টতম বাহন, দেবীর আগমন বা গমন হাতিতে হলে মর্ত্যলোক ভরে ওঠে সুখ, শান্তি ও সমৃদ্ধিতে এবং ভক্তদের মনের ইচ্ছে পূরণ হয়।

দর্শনায় বিজিবির অভিযানে ৪৬০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ যুবক আটক

দর্শনায় ৬ বিজিবি মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪৬০ পিচ ইয়াবা

ট্যাবলেটসহ সবুজ আহমেদকে (৩২) আটক করে। আটককৃত সবুজ ঝিনাইদহ জেলার কাঞ্চনপুর গ্রামের রিয়াজুল মোল্লার ছেলে।

জানাযায় গত সোমবার রাত ১০ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসির নেতৃত্বে, অভিযান চালায় দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামে।

এ সময় দর্শনা বিওপি’র টহল কমান্ডার সঙ্গীয় ফোর্স নিয়ে দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত মেইন পিলার ৭৭/৪-এস হতে আনুমানিক ৩.৫ কিঃমিঃ বাংলাদেশের অভ্যন্তরে ঈশ্বরচন্দ্রপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে পাঁকা রাস্তার পার্শ্বে এ্যাম্বুশ করে। বিজিবি একজন বাংলাদেশী নাগরিককে সন্দেহ হলে মোটরসাইকেলসহ তাকে তল্লাশি করে। পরে সবুজের কাছ থেকে ৪৬০ পিচ ইয়াবা ট্যাবলেট ০১টি মোটর সাইকেল, ০২ টি মোবাইল এবং ০৩ টি সীম কার্ড উদ্ধার করে। পরে দর্শনা বিওপি কমান্ডার বাদি হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করে।